

# আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ

## اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ fatwaa.org

ফাতওয়া নাম্বার: ১৬

প্রকাশকালঃ ০৬ মে, ২০২০ ইং

# করোনা পরিস্থিতি চলাকালে মসজিদে যেতে পারব না কেন?

#### প্রশ্ন :

আসসালামু আলাইকুম। আমি করোনার এই সময়ে মাসজিদে সালাতে কেন যেতে পারব না, জানতে চাই। আলেমগণ কিসের ভিত্তিতে এই সিদ্ধান্ত দিলেন? ইতিহাসের কোনো সময়, কোনো নবি, রাসুল বা সাহাবিরা কি মসজিদ বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন? এমন মহামারীর সময়? আশা করি উত্তর দেবেন।

মুহাম্মাদ আল-আমিন

### উত্তর :

ওয়ালাইকুমুস সালাম ওয়ারাহমাতুল্লাহ

আপনি যদি সুস্থ হন, আপনার মাঝে অসুস্থতার কোনো লক্ষণ না থাকে এবং আপনার অবস্থান করোনাক্রান্ত রোগীর সাথে না হয়, ইতিমধ্যে চিহ্নিত কোনো করোনাক্রান্ত রোগীর সংশ্রবেও আপনার সময় যাপিত না হয়, তাহলে আপনি মসজিদে যেতে পারবেন ইনশাআল্লাহ; যদি নিষেধাজ্ঞা উপেক্ষা করে মসজিদে যাওয়ার সামর্থ্য আপনার থাকে। আর যদি সামর্থ্য না থাকে, তাহলে আপনি ঘরে সালাত আদায় করলে, আশা করি আল্লাহ তা ওজর হিসেবে গ্রহণ করবেন। আমাদের জানামতে অতীত ইতিহাসে ব্যক্তিবিশেষকে ওজরের কারণে মসজিদ থেকে বারণ করার অনেক নজির থাকলেও এরকম ব্যাপকভাবে অনির্দিষ্টকালের জন্য



# আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ اللجنة الشرعية للدعوة والنصرة

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ fatwaa.org

মসজিদ বন্ধ করে দেওয়ার এবং জামাত ও জুমআয় ব্যাপক বিধিনিষেধ আরোপ করার নজির নেই। আলেমদের কেউ হয়তো ভুল করে থাকতে পারেন; কিন্তু অনেক মুহাক্কিক আলেম সহিহটাও বলছেন। যারা সহিহ বলেছেন, আপনি তাদেরটা গ্রহণ করুন। আর সাময়িক ধৈর্য ধারণ করুন। আমরা অচিরেই এ বিষয়ে বিস্তারিত একটি ফাতওয়া প্রকাশ করার চেষ্টা করছি ইনশাআল্লাহ। দোয়া চাই, আল্লাহ নির্ভুল করার তাওফিক দান করুন।

## আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি



১২ রমজান, ১৪৪১ হি.

০৬ মে, ২০২০ ইং

اللجنة الشر عية للد عوة والنصرة উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ